High Commissioner

High Commission for the People's Republic of Bangladesh
28, Queen's Gate, London. SW7 5JA
Phone : 020-7584 0081
Fax : 020-7581 7477
E-mail : info@bhclondon.org.uk
Website : www.bhclondon.org.uk

Centenary of the Bangabandhu

১ বৈশাখ ১৪২৭

**বাংলা নববর্ষ ১৪২৭ উপলক্ষ্যে প্রদত্ত বাণী**

আজ পহেলা বৈশাখ, বাংলা নববর্ষ ১৪২৭। নববর্ষের এই শুভলগ্নে আমি যুক্তরাজ্য ও আয়ারল্যান্ড প্রবাসী সকল বাংলাদেশী ভাই-বোনদের এবং বিশ্বের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা প্রবাসী বাংলাদেশীদের আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি এবং করোনা মহামারী আক্রান্ত এই বিশ্বে সবার রোগমুক্তি, সুস্থতা, সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও মঙ্গল কামনা করছি। একই সাথে আমি করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে করোনা যুদ্ধে যাঁরা শহীদ হয়েছেন বাংলাদেশ, যুক্তরাজ্য অয়ারল্যান্ড ও পুরো বিশ্বজুড়ে, তাঁদের সকলের আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যবৃন্দের প্রতি আমার গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

প্রতি বছর পহেলা বৈশাখ পুরাতন ও জরাজীর্ণকে ভেঙে দিয়ে নতুন সম্ভাবনা, নতুন আশা ও নতুন প্রত্যয়ের বার্তা নিয়ে আসে। আমরা কখনো রমনা বটমূলে, কখনো বাংলাদেশ ভবন লন্ডনে বা শহীদ আলতাব আলী পার্কে একত্রিত হই, বর্ষবরণ করি আনন্দ-উৎসবের মাধ্যমে। কিন্তু এবছর বাংলা নববর্ষ এসেছে সম্পূর্ণ ভিন্ন প্রেক্ষিতে, যখন বাংলাদেশ, যুক্তরাজ্য ও আয়ারল্যান্ডসহ পৃথিবীর প্রতিটি দেশ এবং গোটা মানবজাতি এক বৈশ্বিক মহামারী, করোনা ভাইরাসের বিরুদ্ধে যুদ্ধরত। এই তাই নববর্ষে আমাদের দৃঢ় প্রত্যয় হোক যে আমাদের সবাইকে ধৈর্য্য, ঐক্য ও সাহসের সাথে লড়াই করে করোনা যুদ্ধে জয়ী হতে হবে। এপ্রেক্ষিতে আমি যুক্তরাজ্য ও আয়ারল্যান্ডে বসবাসরত সকল বাংলাদেশী প্রবাসীদের আহবান জানাই, নববর্ষে করোনা ভাইরাস থেকে মুক্ত থাকার প্রত্যয় নিয়ে আপনারা সবাই ঘরে বসে পরিবারের সাথে পহেলা বৈশাখ উদযাপন করুন। ঘরে থাকুন, করোনা ভাইরাস থেকে নিরাপদে থাকুন। যুক্তরাজ্য ও আয়ারল্যান্ড সরকারের লকডাউন নির্দেশনা মেনে সামাজিক দূরত্ব বজায় রাখুন, সুস্থ থাকুন।

বাংলা নববর্ষের শুভেচ্ছা জানানোর সাথে সাথে আজ আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে চাই যুক্তরাজ্য প্রবাসী সেই সব বাংলাদেশী চিকিৎসক, নার্স, কেয়ার-গিভার, হেলথ প্রফেশনাল, আইন প্রয়োগকারী সংস্থার সদস্য, স্থানীয় সরকার কর্মীদের যারা করোনা যুদ্ধে ফ্রন্টলাইনে থেকে জীবনের সর্বোচ্চ ঝুঁকি নিয়ে মানুষের জীবন বাঁচাতে নিরন্তর সেবা দিয়ে যাচ্ছেন। তাঁদের মধ্যে অনেকেই মানব সেবায় নিজের জীবন আত্মত্যাগও করেছেন। তাঁদের প্রতি জ্ঞাপন করছি আমার বিনম্র শ্রদ্ধা। একই সাথে যুক্তরাজ্য ও আয়ারল্যন্ডের বাংলাদেশী কমিউনিটির যেসব নেতৃবৃন্দ, স্বেচ্ছসেবী সংগঠন ও সাধারণ মানুষ যাঁরা এই ঘোর দুর্দিনে দুস্থ মানুষের সহায়তায় এগিয়ে এসেছেন, আর্থিক, খাদ্য ও মানবিক সাহায্য মানুষের ঘরে ঘরে পৌছে দিচ্ছেন, তাঁদের প্রতিও রইলো আমার আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা।

বাংলাদেশ হাই কমিশন, লন্ডন এই সংকটের সময়ে এবং লক-ডাউন-এর নিয়ম মেনেই অনলাইন, পোস্টাল ও ২৪ ঘন্টা হেল্পলাইন-এর মাধ্যমে প্রবাসী বাংলাদেশিদের জন্য সার্বক্ষণিক কন্সুলার সেবা চালু রেখেছে। তাছাড়া হাই কমিশন বাংলাদেশী-ব্রিটিশ চিকিৎসকদের সমন্বয়ে একটি করোনা হেল্পলাইন টিম গঠন করেছে বিশেষ করে সে সমস্ত বাংলাদেশী ভাইবোনদের জন্য যারা এদেশের ন্যাশনাল হেল্থ সার্ভিসের আওতাভূক্ত নন, বাংলাদেশী ছাত্র-ছাত্রী যারা এ দেশে অধ্যয়নরত অথবা বয়োবৃদ্ধ ও বাংলা ভাষায় ডাক্তারের পরামর্শ নিতে চান তাদের জন্য। এ বিষয়ে হাইকমিশনের ২৪ ঘন্টা হেল্পলাইন টেলিফোনে যোগাযোগ করলে আমরা তাঁদেরকে স্বেচ্ছাসেবক বাংলাদেশী-ব্রিটিশ চিকিৎসকদের সাথে যোগাযোগ করিয়ে দেবো। উল্লেখ্য, আপনাদের আত্মীয়-স্বজন যাঁরা বাংলাদেশ থেকে যুক্তরাজ্যে বিশেষ চার্টার ফ্লাইটে ফেরত আসতে চাচ্ছেন, তাঁদেরকে যথাশীঘ্র সম্ভব ব্রিটিশ সরকারের নির্ধারিত ওয়েবসাইটে রেজিস্টার করার জন্য অনুরোধ করছি। এ সংক্রান্ত কোন সহায়তার প্রযোজন হলে বাংলাদেশ হাইকমিশন লন্ডনের ০৭৪০৪৬৮৭৭৪৫ নম্বরে যোগাযোগ করতে পারেন।

যুক্তরাজ্যের মত বাংলাদেশের মানুষও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে করোনা দুর্যোগ মোকাবেলায় সাহসের সাথে লড়াই করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যকরী ও সময়োগযোগী করোনা প্রতিরোধ পদক্ষেপসমূহের কারণে বাংলাদেশে আজ বিশ্বের অন্যান্য দেশের তুলনায় করোনা আক্রন্তের সংখ্যা অনেকাংশেই কম। গত কাল পহেলা বৈশাখ উপলক্ষ্যে জাতির উদ্দ্যেশ্যে ভাষণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের ফ্রন্টলাইন করোনা যোদ্ধা তথা ডাক্তার, নার্স, আইনশৃঙ্খলা

High Commission for the People's Republic of Bangladesh
28, Queen's Gate, London. SW7 SJA
Phone : 020-7584 0081
Fax : 020-7581 7477
E-mail : info@bhclondon.org.uk
Website : www.bhclondon.org.uk



রক্ষাকারী বাহিনী ইত্যাদি এবং দিনমজুর, রিক্সাওয়ালাসহ সমাজের সর্বস্তরের খেটে খাওয়া মানুষের জন্য ষোল শত কোটি টাকারও বেশি আর্থিক সহায়তা প্যাকেজ ঘোষণা করেছেন। ইতোপূর্বেও তিনি করোনা ভাইরাসের আর্থ-সামাজিক ক্ষতি রোধকল্পে গার্মেন্টস শ্রমিকসহ সমাজের বিভিন্ন স্তরের মানুষের জন্য সাতাশ হাজার কোটি টাকার বেশি আর্থিক প্রণোদনার ঘোষণা দেন যা বাংলাদেশের ইতিহাসে সর্বোচ্চ। এ জন্য আমি মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

১৪২৭ বাংলা বর্ষ সর্বকালের সর্বশ্রেষ্ট বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী হবার প্রেক্ষিতে বাঙালি জাতির জন্য একটি বিশেষ তাৎপর্য বহন করে। তাই এই নববর্ষে আপনারা আপনাদের নতুন প্রজন্মকে বাঙালি সংস্কৃতি, ঐতিহ্য, কৃষ্টি, সাহিত্য এবং জাতির পিতা বঙ্গবন্ধুর নেতৃত্বে বাঙালির মহান মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে জানতে উদ্বুদ্ধ করবেন, এই আশাবাদ ব্যক্ত করছি।

পরিশেষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে কণ্ঠ মিলিয়ে বলতে চাই, এই নববর্ষে ঘরে, থেকে করোনা ভাইরাস থেকে নিরাপদ থেকে, আমরা আমাদের চারপাশের আঁধারকে কাটিয়ে উঠবই ইনশাআল্লাহ। ১৪২৭ বাংলা বর্ষ এবং মুজিব শতবর্ষ আমাদের মাঝে নতুন সুদিনের বার্তা নিয়ে আসবেই ইনশাল্লাহ। আগামী পহেলা বৈশাখের আগেই আমাদের যেন আবার দেখা হয় ইনশা আল্লাহ এ প্রত্যাশা নিয়েই সকলের মঙ্গল কামনায় জানাচ্ছি শুভ নববর্ষ।

(সাইদা মুনা তাসনীম)
যুক্তরাজ্যে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার